

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ যাকে আল্লাহ ভালোবাসেন, তাকে আসমান ও জমিনবাসীও ভালোবাসেন এই মর্মে হাদীস

ذِكْنُ الْإِخْبَارِ عَنْ مَحَبَّةِ أَهْلِ السَّمَاءِ وَالْأَرْضِ الْعَبْدَ الَّذِي يُحِبُّهُ اللَّهُ جَلَّ وَعَلَا

## আরবী

أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَنْبَأَنَا أَحمد بن أبي بكر عن مالك عن سُهَيْلِ بْنِ أبي صَالِحٍ عَنْ أبيهِ عَنْ أبيهِ عَنْ أبي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: بْنِ أبي صَالِحٍ عَنْ أبيهِ عَنْ أبيهِ عَنْ أبي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (إِذَا أَحَبَّ اللَّهُ الْعَبْدَ قَالَ لِجِبْرِيلَ: قَدْ أَحْبَبْتُ فُلَانًا فَأُحِبَّهُ فَيُحِبُّهُ فَيُحِبُّهُ فَيُحبُّهُ فَيُحبُّهُ فَيُحبُّهُ أَهْلُ السَّمَاءِ ثُمَّ يُوضَعَ لَهُ الْقَبُولُ فِي الْبُغْضِ مِثْلَ السَّمَاءِ: إِنَّ اللَّهُ قَدْ أَحَبَّ فُلَانًا فَأَحِبُّوهُ فَيُحِبُّهُ أَهْلُ السَّمَاءِ ثُمَّ يُوضَعَ لَهُ الْقَبُولُ فِي الْبُغْضِ مِثْلَ الْأَرْضِ وَإِذَا أَبْغَضَ اللَّهُ الْعَبْدَ ..........) قَالَ مَالِكُ: لَا أَحْسِبُهُ إِلَّا قَالَ فِي الْبُغْضِ مِثْلَ ذَك.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 366 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৩৬৬. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "মহান আল্লাহ যখন কোন বান্দাকে ভালোবাসেন, তখন তিনি জিবরীল আলাইহিস সালামকে ডেকে বলেন: "আমি ওমুক ব্যক্তিকে ভালোবাসি, অতএব তুমিও তাকে ভালোবাসো।" তখন জিবরীল আলাইহিস সালাম তাঁকে ভালোবাসেন তারপর জিবরীল আলাইহিস সালাম আসমানবাসীকে বলেন: "নিশ্চয়ই তোমাদের রব্ব ওমুক ব্যক্তিকে ভালোবাসেন, অতএব তোমরাও তাকে ভালোবাসো।" অতঃপর আসমানবাসী তাকে ভালোবাসেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "অতঃপর পৃথিবীতে তাঁর গ্রহণযোগ্যতা দান করা হয়। আর মহান আল্লাহ যখন কাউকে ঘৃণা করেন…।" ইমাম মালিক রহিমাহুল্লাহ বলেন: "আমার ধারণা ঘৃণার ক্ষেত্রেও তিনি অনুরুপ কথাই বলেছেন।"[1]



## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুরাহ: ৩৪৭০; মুয়াত্তা ইমাম মালিক: ৩/১২৮; সহীহ মুসলিম: ২৬৩৭; আত তায়ালিসী: ২৪৩৬; মুসানাফ আব্দুর রাযযাক: ১৯৬৭৩; মুসনাদ আহমাদ: ২/২৬৭; তিরমিযী: ৩১৬১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আয য'ঈফা: ২২০৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন